রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৮, ২০১৬

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**(পত্র বিনিময় শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১২ এপ্রিল ২০১৬

**নং ১৫৯-জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কমিশনার অব এভিডেভিট জনাব অখিল কুমার দত্ত-এর জন্ম তারিখ ০১-১০-১৯৫৭ খ্রিঃ মোতাবেক আগামী ৩০-০৯-২০১৬ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে বিধায় গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর ধারা-৪ অনুযায়ী তাঁকে ০১-১০-২০১৬ খ্রিঃ তারিখ হতে অবসরোত্তর ছুটিতে (পি,আর,এল) গমনের অনুমতি প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**আবু সৈয়দ দিলজার হোসেন**
রেজিস্ট্রার।

---

**[ একই বিজ্ঞপ্তি, স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত পত্র ]**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১০ এপ্রিল ২০১৬

**নং ১৪৫-জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত সারণীতে বর্ণিত ২য় শ্রেণির গেজেটেড পদধারী ১ (এক) জন হিসাবরক্ষণ কর্মকর্তার চাকুরী ৪ (চার) বৎসর পূর্ণ হওয়ায় এবং তার সন্তোষজনক চাকুরী রেকর্ডের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর বেতন ভাতাদি আদেশের অনুচ্ছেদ-৪ ধারা মোতাবেক ১৪-১২-২০১৫ খ্রিঃ তারিখ হতে ১৬০০০—৩৮৬৪০ (গ্রেড-১০) টাকার স্কেলের পরবর্তী উচ্চতর ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) টাকার স্কেলটি কর্তৃপক্ষ সিলেকশন গ্রেড স্কেল হিসেবে অনুমোদন করেছেন ঃ

| ক্রঃ নং | নাম ও পদবি | হিসাবরক্ষণ কর্মকর্তা পদে যোগদানের তারিখ | ৪ বছর পূর্তির তারিখ | সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্যতার তারিখ | বর্তমান বেতন স্কেল | প্রাপ্য সিলেকশন গ্রেড স্কেল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | জনাব মোঃ হাবিব উল্লাহ হিসাবরক্ষণ কর্মকর্তা | ১৩-১২-২০১১ (অপরাহ্ন) | ১৩-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ১৬০০০—৩৮৬৪০ জাঃ বেঃ স্কেল-১৫ | ২২০০০—৫৩০৬০ |

এমতাবস্থায়, উপর্যুক্ত হিসাবরক্ষণ কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর বেতন ভাতাদি আদেশের অনুচ্ছেদ-৪ ধারা মোতাবেক সারণীতে উল্লিখিত ৫নং কলামে বর্ণিত তারিখ হতে ৭নং কলামে বর্ণিত স্কেলটি সিলেকশন গ্রেড স্কেল হিসেবে প্রদান করা হলো।

**মোঃ আজিজুল হক**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

**[ একই বিজ্ঞপ্তি, স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত পত্র ]**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১২ এপ্রিল ২০১৬

**নং ১৫৫-জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার (ফৌজদারী-২) জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম মিয়া গত ৩১-০৩-২০১৬ খ্রিঃ তারিখ ডেপুটি রেজিস্ট্রার পদে পদোন্নতিমূলে যোগদান করায় তাঁকে ডেপুটি রেজিস্ট্রার (দেওয়ানী-১) এর দায়িত্ব পালনের নির্দেশ দেয়া হলো এবং ডেপুটি রেজিস্ট্রার জনাব খন্দকার সালাহউদ্দিন (দেওয়ানী-২)-কে বিজ্ঞপ্তি নং ২৩-জি, তারিখ ১৯-০১-২০১৬ খ্রিঃ মূলে প্রদত্ত ভারপ্রাপ্ত দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

১। এ আদেশ অদ্য ১২-০৪-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

আদেশক্রমে

**মোঃ আজিজুল হক**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৩ এপ্রিল ২০১৬

**নং ১৬১-জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১০-০৪-২০১৬ খ্রিঃ তারিখের ১১৫/২০১৬ (এ, এন্ড সি) নং অফিস আদেশে "সহকারী প্রোগ্রামার" পদে নিম্নে বর্ণিত ২ (দুই) জনকে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে ২২০০০—৫৩০৬০ (জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১০০০) টাকার বেতন স্কেলে কাজে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার/স্বামীর নাম | নিয়োগকৃত পদের নাম |
|---|---|---|
| (১) | শুভাশীষ সেন<br>পিতা-আশীষ চন্দ্র সেন | সহকারী প্রোগ্রামার |
| (২) | মোঃ হাসান গাজী<br>পিতা-মোঃ মোতালেব গাজী | সহকারী প্রোগ্রামার |

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদ্বয়কে আগামী ২৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে কাজে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**শর্তাবলী ঃ**

১। চাকুরীতে যোগদানের সময় তার বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণস্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করতে হবে।

২। কোন প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হ'ল। শিক্ষানবিশকালীন সময়ে প্রার্থীকে কোন নোটিশ ব্যতিরেকেই কর্তৃপক্ষ তাকে চাকুরিচ্যুত করতে পারবেন।

৪। তার শিক্ষানবিশকালীন কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরীতে স্থায়ী করার বিষয়ে যথাসময়ে বিবেচনা করা হবে।

৫। প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম ও অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে আন্ডার টেকিং পূরণ করতে হবে এবং নিজ খরচে ঢাকার নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড-এর নিকট হতে শারীরিক যোগ্যতার সনদপত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে।

৬। কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেটশন গ্রহণ করা হবে যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।

৭। কাজে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে

**মোঃ আজিজুল হক**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

---

**পরিবেশ অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ, ২ চৈত্র ১৪২২/১৬ মার্চ ২০১৬

**নং ২২.০২.০০০০.০০৭.১২.৪১৯.১৬-১২৬**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ১৫-০৩-২০১৬ তারিখের নং ৮০.১১০.০০.০০.০১২.০০৩.২০১৬-৩৬/১(৩) সংখ্যক স্মারক এর সুপারিশক্রমে এবং পরিবেশ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এর অনুচ্ছেদ ৬ এর পদোন্নতি সংক্রান্ত শর্ত সাপেক্ষে অধিদপ্তরের নিম্নেবর্ণিত কর্মচারীগণকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর টাকা ১৬০০০—৩৮৬৪০ বেতনক্রমে ১০ম গ্রেডে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে পদোন্নতি প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মচারীর নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ ও গ্রেড |
|---|---|---|
| (১) | জনাব মোঃ রফিকুল ইসলাম, গবেষণাগার সহকারী, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, বগুড়া, (যশোর জেলা কার্যালয়ে সংযুক্ত)। | জুনিয়র কেমিস্ট গ্রেড-১০ |
| (২) | জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, গবেষণাগার সহকারী, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট। | জুনিয়র কেমিস্ট গ্রেড-১০ |
| (৩) | জনাব মোঃ মুনতাছির রহমান, গবেষণাগার সহকারী, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, বগুড়া। | জুনিয়র কেমিস্ট গ্রেড-১০ |
| (৪) | জনাব মোঃ আবদুছ ছালাম, গবেষণাগার সহকারী, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম গবেষণাগার, চট্টগ্রাম, (খুলনা বিভাগীয় কার্যালয়ে সংযুক্ত)। | জুনিয়র কেমিস্ট গ্রেড-১০ |
| (৫) | মোছাম্মৎ সাফিয়া আক্তার, গবেষণাগার সহকারী, পরিবেশ অধিদপ্তর, ঢাকা গবেষণাগার, ঢাকা। | জুনিয়র কেমিস্ট গ্রেড-১০ |
| (৬) | জনাব মোঃ গোলাম রসুল খান, গবেষণাগার সহকারী, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ। | জুনিয়র কেমিস্ট গ্রেড-১০ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রইছউল আলম মন্ডল**
মহাপরিচালক।

## বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ, ২২ চৈত্র ১৪২২/৫ এপ্রিল ২০১৬

**নং ব.পা.অ/প্রঃ-১/৪/২০১৩/৮৭০**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নলিখিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে জনস্বার্থে সংযুক্ত করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | সংযুক্ত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব বিপুল কুমার গোস্বামী সহকারী পরিচালক | আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁদপুর। | প্রধান কার্যালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। |
| (২) | জনাব মুনতাকীম মোঃ ইব্রাহীম সহকারী পরিচালক | আঞ্চলিক পাসপোর্ট অফিস, জয়পুরহাট। | প্রধান কার্যালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। |
| (৩) | জনাব মোঃ আলী আশরাফ উপসহকারী পরিচালক | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা। | আঞ্চলিক পাসপোর্ট অফিস, জয়পুরহাট। |

২। ক্রমিক নং-৩-এ বর্ণিত কর্মকর্তাগণকে সংযুক্ত অফিসের আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিযুক্ত করা হ'ল।

৩। উপরোক্ত কর্মকর্তাগণ আগামী ১০-০৪-২০১৬ তারিখের মধ্যে সংযুক্ত কর্মস্থলে যোগদান করবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

ব্রিগেডিয়ার জেনারেল **মোঃ মাসুদ রেজওয়ান,** পিএসসি
মহাপরিচালক।

---

## শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর

### আদেশ

তারিখ, ১৭ এপ্রিল ২০১৬

**নং ২-ইটি-৭(৬০)আই ও আই/৯৭/অংশ-১/০৪/৮১৩**—পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে বদলি/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলি/পদস্থকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোহাম্মদ জাকির হোসেন উপপরিচালক (চলতি দায়িত্ব) | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম। | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা। |
| (২) | জনাব মোঃ মিলন শেখ উপপরিচালক (চলতি দায়িত্ব) | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা। | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, এয়ারপোর্ট সি শিফট, ঢাকা। |
| (৩) | জনাব এইচ. এম শরিফুল হাসান উপপরিচালক (চলতি দায়িত্ব) | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, এয়ারপোর্ট সি শিফট, ঢাকা। | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, আইসিডি, কমলাপুর, ঢাকা। |
| (৪) | জনাব এস, এম শামীমুর রহমান উপপরিচালক (চলতি দায়িত্ব) | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, আইসিডি, কমলাপুর, ঢাকা। | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম। |
| (৫) | জনাব মোঃ তারেক মাহমুদ সহকারী পরিচালক | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, এয়ারফ্রেইট, ঢাকা। | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, এয়ারপোর্ট এ শিফট, ঢাকা। অতিরিক্ত দায়িত্ব : ইপিজেড, ঢাকা। |
| (৬) | জনাব মোহাম্মদ জাকারিয়া সহকারী পরিচালক | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, এয়ারপোর্ট সি শিফট, ঢাকা | শুল্ক গোয়েন্দা ও তদন্ত সার্কেল, এয়ারফ্রেইট, ঢাকা। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা ১৯-০৪-২০১৬ তারিখ অপরাহ্ণ হতে কার্যকর হবে।

**ড. মইনুল খান**
মহাপরিচালক।

---

## বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম
## (সংস্থাপন শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ এপ্রিল ২০১৬

**নং ০৫.৪২.০০০০.০১৯.১৪.০০১.১৬.২৬২**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে বদলি/পদায়ন করা হল ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থলের নাম | যে উপজেলায় বদলি/পদায়ন করা হল |
|---|---|---|---|
| (১) | জনাব পি কে এম এনামুল করিম (১৫৫২৫) নিজ জেলা-কুমিল্লা | উপজেলা নির্বাহী অফিসার, সদর, ফেনী | উপজেলা নির্বাহী অফিসার, রাংগুনিয়া, চট্টগ্রাম |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থলের নাম | যে উপজেলায় বদলি/পদায়ন করা হল |
|---|---|---|---|
| (২) | জনাব এইচ,এম রাকিব হায়দার (১৫৯৯৬)<br>নিজ জেলা-বরিশাল ও স্পাউসের জেলা-গাজীপুর | ইউএনও হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত | উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা |
| (৩) | বেগম মকিমা বেগম (১৬১৯৭)<br>নিজ জেলা-ঢাকা | উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা | উপজেলা নির্বাহী অফিসার, সদর, ফেনী |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং বর্ণিত কর্মকর্তাগণ অবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

**শংকর রঞ্জন সাহা**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট**
**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৭ মার্চ ২০১৬

**নং ০৫.৪৬.০০০০.০০৪.১৯.০১৪.১৫.৩৩১**—নিম্নবর্ণিত সহকারী কমিশনার (ভূমি)-কে তাঁর নামের পাশে বর্ণিত উপজেলা ভূমি অফিসে বদলি/পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আবদুল হক<br>পরিচিতি নম্বর ঃ ১৬৮৮০ | হবিগঞ্জ | সুনামগঞ্জ | উপজেলা ভূমি অফিস, ওসমানীনগর, সিলেট। | উপজেলা ভূমি অফিস, বিশ্বনাথ, সিলেট। |

২। সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে বর্ণিত কর্মকর্তাকে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৭ এপ্রিল ২০১৬

**নং ০৫.৪৬.০০০০.০০৪.১৯.০১৩.১৪.৩৭১**—জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জে কর্মরত নিম্নবর্ণিত সহকারী কমিশনার-কে তাঁর নামের পাশে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| (১) | জনাব শেখ জোবায়ের আহমেদ (১৭১৮৮) | টাংগাইল | লক্ষ্মীপুর | জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৯ এপ্রিল ২০১৬

**নং ০৫.৬০.০০০০.০০৪.১৯.০১৩.১৪.৪১২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩-০১-২০১৬ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০৪২.১৫-০২ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক সহকারী কমিশনার জনাব সঞ্চিতা কর্মকার (১৭৪৬০) এ কার্যালয়ে ১৭-০৪-২০১৬ খ্রিস্টাব্দ তারিখে যোগদান করেছেন। তাঁর যোগদানপত্র গ্রহণক্রমে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| (১) | জনাব সঞ্চিতা কর্মকার (১৭৪৬০) | নোয়াখালী | সুনামগঞ্জ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। | জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ। |

২। বর্ণিত কর্মকর্তাকে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অদ্য ১৯-০৪-২০১৬ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো। তিনি এ কার্যালয় থেকে কোন বেতন ভাতাদি গ্রহণ করেননি।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জামালউদ্দীন আহমেদ**
কমিশনার।

**[ একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে ]**

**বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ নভেম্বর ২০১৪

**নং বিআরটিএ/৫০এ/৯০-৩২৭০**—যেহেতু, গুরুতর অপরাধ দমন অভিযান সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি কর্তৃক প্রণীত বুকলেটে বিআরটিএ সদর কার্যালয়, ঢাকার সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) (বর্তমানে বিআরটিএ মৌলভীবাজার সার্কেলে কর্মরত) জনাব মোঃ এনায়েত হোসেন মন্টু এর নাম উল্লেখ আছে;

যেহেতু, তদানিন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের যুগ্মসচিব (উন্নয়ন)-কে আহ্বায়ক করে গঠিত পুনঃ তদন্ত কমিটি কর্তৃক তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (ডি) বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (ডি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা (নং-১২/২০১২) রুজু করা হয়। উক্ত বিধিমালার ৪ বিধির আওতায় কেন তাকে চাকরি হতে বরখাস্ত/অপসারণ অথবা অন্য কোন শাস্তি প্রদান করা হবে না, সে মর্মে অভিযোগ গঠনপূর্বক ১০ কর্মদিবসের মধ্যে একটি লিখিত কৈফিয়ত দাখিল করতে এবং তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা বা তার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তা জানাতে নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জনাব দাখিলের জন্য ২০ কর্মদিবস সময় বৃদ্ধির আবেদন করেন। ইতোমধ্যে তদানিন্তন সড়ক বিভাগের ২২-০৩-২০১২ খ্রিঃ তারিখের ৩৫.০২০.০০৪.০০.০০.০১৭. ২০০৫. ১১৪নং স্মারকের বিরুদ্ধে বুকলেটে অন্তর্ভুক্ত বিআরটিএ'র ৩৪ জন দুর্নীতিবাজ কর্মকর্তা/কর্মচারীর তালিকাভুক্ত ২জন সহকারী পরিচালক (ইঞ্জিঃ) জনাব মোঃ নূরুজ্জামান ও জনাব মোঃ শহিদুল আযম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে যথাক্রমে ২টি রিট মামলা (নং-৪৪৭৭/২০১২ ও ৪৪৭৮/২০১২) দায়ের করা হয় এবং উভয় রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক স্থগিতাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে ১২-০৩-২০১৩খ্রিঃ তারিখে তিনি এক আবেদনে জানান যে, রিট মামলা নং ৪৪৭৭/২০১২ ও ৪৪৭৮/২০১২ এর সাথে তার কোনরূপ সংশ্লিষ্টতা নেই। উক্ত রিটদ্বয়ে তিনি কোন স্বাক্ষরও করেননি। উক্ত আবেদনের প্রেক্ষিতে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগসমূহের সুষ্ঠু তদন্তের স্বার্থে ১১-০৪-২০১৩খ্রিঃ তারিখে বিআরটিএ'র উপপরিচালক (অডিট ও তদন্ত) জনাব মোঃ মুস্তাফিজুর রহমান মৃধাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা ০৮-০৫-২০১৩খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় সাভারে ০.১৭ একর ও ০.৭ একর জমির মূল্য বাবত ২,২০,০০০ (দুই লক্ষ বিশ হাজার) টাকা কিভাবে সংস্থান করা হয়েছে এবং তার টিআইএন না থাকার বিষয়টি সম্পর্কে সুস্পষ্ট ব্যাখ্যা থাকা প্রয়োজন মর্মে বিষয়টির অধিকতর তদন্তের জন্য ১৫-০৬-২০১৩খ্রিঃ তারিখের বিআরটিএ/৫০এ/৯০-১৬৩৫ নং স্মারক মূলে তদন্তকারী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা ০৯-০৯-২০১৩ খ্রিঃ তারিখে অধিকতর তদন্ত প্রতিবেদন দাখিল করেন। অধিকতর তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার অধিকতর তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগটি পুনঃ তদন্তের জন্য ২২-১০-২০১৩খ্রিঃ তারিখে বিআরটিএ/৫০এ/৯০-২৬১৬ নং স্মারকমূলে এ অথরিটির সচিব জনাব নূরুল ইসলামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা ০২-১২-২০১৩খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তার প্রতিবেদন পর্যালোচনায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু, ০৮-০৫-২০১৩, ০৯-০৯-২০১৩ ও ০২-১২-২০১৩খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু, দুর্নীতি দমন কমিশনের ১৪-০৭-২০১৩ খ্রিঃ তারিখের দুদক/বি অনুঃ ও তদন্ত-১/৫৮-২০১২/২০০৮৯/১(২) নং স্মারক মূলে তার বিরুদ্ধে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ নথিভুক্ত করা হয়েছে-যা দুদক প্রধান কার্যালয়ের ১৯-১১-২০১৩খ্রিঃ তারিখের দুদক/বিঃ অনুঃ ও তদন্ত-২/৫৮-২০১২/৩১১৮১ নং স্মারকমূলে এ অথরিটিকে অবহিত করা হয়েছে;

যেহেতু, বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় কর্তৃপক্ষ অত্র বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, এক্ষণে, বিআরটিএ মৌলভীবাজার সার্কেলে কর্মরত সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) জনাব মোঃ এনায়েত হোসেন মন্টুর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলা নং-১২/২০১২ এর আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজরুল ইসলাম**
চেয়ারম্যান।

---

**[ একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ নভেম্বর ২০১৪

**নং বিআরটিএ/৯এ/৮৪(অংশ-১)/৮৩/২০০৬-৩২৭১**—যেহেতু, গুরুতর অপরাধ দমন অভিযান সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি কর্তৃক প্রণীত বুকলেটে বিআরটিএ, নোয়াখালী সার্কেলের (বর্তমানে সিরাজগঞ্জ সার্কেলে কর্মরত) সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) জনাব মোঃ আশরাফুজ্জামান এর নাম উল্লেখ আছে;

যেহেতু, তদানিন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের যুগ্মসচিব (উন্নয়ন)-কে আহ্বায়ক করে গঠিত পুনঃ তদন্ত কমিটি কর্তৃক তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা (নং-১১/২০১২) রুজু করা হয়। সে প্রেক্ষিতে অভিযোগনামা গঠনপূর্বক উক্ত বিধিমালার ৪ বিধির আওতায় কেন তাকে চাকরি হতে বরখাস্ত/অপসারণ অথবা অন্য কোন শাস্তি প্রদান করা হবে না, সে মর্মে ১০ কর্মদিবসের মধ্যে একটি লিখিত কৈফিয়ত দাখিল করতে এবং তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা বা তার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তা জানাতে নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জনাব দাখিলের জন্য ০১ মাস সময় বৃদ্ধির আবেদন করেন। ইতোমধ্যে তদানীন্তন সড়ক বিভাগের ২২-০৩-২০১২ খ্রিঃ তারিখের ৩৫.০২০.০০৪.০০.০০.০১৭.২০০৫. ১১৪নং স্মারকের বিরুদ্ধে বুকলেটে অন্তর্ভুক্ত বিআরটিএ'র ৩৪ জন দুর্নীতিবাজ কর্মকর্তা/কর্মচারীর তালিকাভুক্ত ২জন সহকারী পরিচালক (ইঞ্জিঃ) জনাব মোঃ নূরুজ্জামান ও জনাব মোঃ শহিদুল আযম কর্তৃক মহামান্য হাইকোট বিভাগে যথাক্রমে ২টি রিট মামলা (নং-৪৪৭৭/২০১২ ও ৪৪৭৮/২০১২) দায়ের করা হয় এবং উভয় রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক স্থগিতাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে ২৮-০৫-২০১৩খ্রিঃ তারিখে তিনি এক আবেদনে জানান যে, রিট মামলা নং ৪৪৭৭/২০১২ ও ৪৪৭৮/২০১২ এর সাথে তার কোনরূপ সংশ্লিষ্টতা নেই। উক্ত রিটদ্বয়ে তিনি কোন স্বাক্ষরও করেননি। উক্ত আবেদনের প্রেক্ষিতে তিনি কর্তৃপক্ষের নিকট শুনানি প্রদান করেন। অতঃপর রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগসমূহের সুষ্ঠু তদন্তের স্বার্থে ২৭-০৬-২০১৩খ্রিঃ তারিখে বিআরটিএ'র উপপরিচালক (অডিট ও তদন্ত) জনাব মোঃ মুস্তাফিজুর রহমান মৃধাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ০৯-০৯-২০১৩খ্রিঃ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগটি পুনঃ তদন্তের জন্য এ অথরিটির উপপরিচালক (অডিট ও তদন্ত) জনাব এস এম ফেরদৌস আলমকে গত ০৬-০১-২০১৪খ্রিঃ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তিনি যথারীতি তদন্তপূর্বক গত ২৪-০৩-২০১৪খ্রিঃ তারিখে প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনেও অভিযোগসমূহ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তাদ্বয়ের যথাক্রমে ০৯-০৯-২০১৩ ও ২৪-০৩-২০১৪খ্রঃ তারিখের তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের শৃঙ্খলা-৩ শাখার ২৪-১২-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৮২.৮৫.০২৪.০৯-৮৭১ নং স্মারকের মাধ্যমে জানানো হয় যে, দুর্নীতি দমন কমিশনের ২৫-১১-২০১৩ খ্রিঃ তারিখের দুদক/বি অনুঃ ও তদন্ত-২/৫৭-২০১২-৩১৭২২ নং স্মারকমূলে তার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে; এবং

যেহেতু, বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় কর্তৃপক্ষ এ বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, এক্ষণে, বিআরটিএ সিরাজগঞ্জ সার্কেলে কর্মরত সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) জনাব মোঃ আশরাফুজামান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলা নং-১১/২০১২ এর আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজরুল ইসলাম**
চেয়ারম্যান।

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ এপ্রিল ২০১৬

নং **বিআরটিএ/৬৩এ/৯৩-০১**—১৯৮৩ সনের মোটরযান অধ্যাদেশ (সংশোধিত) এর ৫৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে নওগাঁ জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট কমিটি পুনর্গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) জেলা প্রশাসক, নওগাঁ

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত পুলিশ সুপার, নওগাঁ

(৩) নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, নওগাঁ।

(৪) মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ।

(৫) জনাব সৈয়দ রেজাউল মোস্তফা কালিমী বাবু, পিতাঃ মরহুম সৈয়দ সালেহ কালিমী, সাধারণ সম্পাদক, নওগাঁ জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপ (যাত্রীবাহী সড়ক পরিবহন মালিক সমিতির প্রতিনিধি)।

(৬) জনাব মোঃ আবুল কালাম আজাদ, পিতাঃ মৃত তায়েজ উদ্দীন, সভাপতি, নওগাঁ জেলা ট্রাক পরিবহন মালিক গ্রুপ, নওগাঁ (মালবাহী সড়ক পরিবহন মালিক সমিতির প্রতিনিধি)।

(৭) জনাব মোঃ ওমর ফারুক, পিতাঃ আলহাজ্ব মৃত সুবিদ আলী মন্ডল, সভাপতি, নওগাঁ জেলা মোটর শ্রমিক ইউনিয়ন, নওগাঁ (যাত্রীবাহী সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন এর প্রতিনিধি)।

(৮) জনাব আলহাজ্ব আব্দুস সালাম, পিতাঃ মৃত রাজতুল্লাহ, ঠিকানাঃ চকএনায়েত (কাজীর মোড়), নওগাঁ সদর, নওগাঁ (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)।

(৯) জনাব মোঃ শরিফুল ইসলাম খান, পিতাঃ মৃত ইয়ার আলী খান, ঠিকানাঃ চকএনায়েত, নওগাঁ সদর, নওগাঁ (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)।

**সদস্য-সচিব**

(১০) সহকারী পরিচালক (ইঞ্জিঃ)/মোটরযান পরিদর্শক, বিআরটিএ, নওগাঁ।

২। এ কমিটি মোটরযান অধ্যাদেশের এবং সময়ে সময়ে সরকারি প্রজ্ঞাপন দ্বারা অর্পিত দায়িত্ব পালন ও বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। এ কমিটির বেসরকারি সদস্যদের কার্যকাল দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ৩ (তিন) বছর পর্যন্ত বহাল থাকবে।

৪। ইতোপূর্বে ১২-১০-২০১১ খ্রিঃ তারিখে ২৯০ নং স্মারকমূলে গঠিত নওগাঁ জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

**মোঃ নজরুল ইসলাম**
চেয়ারম্যান।

## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৭ এপ্রিল ২০১৬

**নং ২য়/ইটি-৭(২)/বদলি/সিঃকমিঃ/২০১১(অংশ-১)/১১৮২**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত/পদস্থ নিম্নে উল্লিখিত সহকারী রাজস্ব কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | জনাব রোমেন মিত্র<br>১০-১০-১৯৮৭ | সদর দপ্তর | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |
| (২) | জনাব বিপুল কুমার সরকার<br>১২-০৭-১৯৮৫ | সদর দপ্তর | শেওলা এলসি স্টেশন, এলসিও |
| (৩) | জনাব হাবিবুর রহমান<br>১৫-০২-১৯৮৫ | সদর দপ্তর | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |
| (৪) | জনাব মোঃ মিজানুর রহমান<br>০১-০১-১৯৭১ | সদর দপ্তর | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |
| (৫) | জনাব কাজী আল আমিন<br>২৪-০৮-১৯৮৬ | সদর দপ্তর | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট |
| (৬) | জনাব মোঃ কলিম উল্লাহ<br>২৫-১০-১৯৬৯ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট অতিরিক্ত দায়িত্ব: বিভাগীয় শুল্ক গুদাম, সিলেট | বড়ছড়া/বাগলী/চারাগাঁও এলসি স্টেশন |
| (৭) | জনাব জাহাঙ্গীর হোসেন প্রধানীয়া<br>০২-০১-১৯৬৮ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট | বড়ছড়া/বাগলী/চারাগাঁও এলসি স্টেশন |
| (৮) | জনাব মোঃ মতিউর রহমান<br>২৫-৫-১৯৮৭ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার |
| (৯) | মোঃ মাসুদ করিম<br>২৫-০৫-১৯৮৫ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট | সদর দপ্তর, সিলেট |
| (১০) | জনাব পলাশ কুমার মল্লিক<br>০৬-০৮-১৯৮৭ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার |
| (১১) | জনাব মোছাঃ সেলিনা খাতুন<br>২৮-১০-১৯৮৫ | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট | কাস্টমস বিভাগ, সিলেট |
| (১২) | জনাব আসফিয়া সিরাত<br>১৯-০৫-১৯৮৮ | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট | সদর দপ্তর, সিলেট |
| (১৩) | জনাব শিবলী নোমানী খান<br>১০-০২-১৯৮৬ | ফরেন পোস্ট অফিস | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |
| (১৪) | জনাব সৈয়দ আবদুর রহিম<br>০১-০১-১৯৬৮ | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার | ফরেন পোস্ট অফিস |
| (১৫) | জনাব মোঃ আব্দুল লতিফ<br>০১-০১-১৯৮৭ | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার | শেওলা এলসি স্টেশন, অতিরিক্ত দায়িত্ব: শেওলা শুল্ক গুদাম |
| (১৬) | জনাব মোঃ শহিদুল ইসলাম<br>১৫-০৬-১৯৮২ | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার | ভোলাগঞ্জ এলসি স্টেশন |
| (১৭) | জনাব মোঃ আব্দুর রহিম<br>০৫-০২-১৯৭৯ | আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |
| (১৮) | জনাব সুকান্ত দাশ<br>০১-০১-১৯৮০ | আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |
| (১৯) | জনাব জাহাঙ্গীর আলম<br>০৮-০৮-১৯৮৫ | বড়ছড়া/বাগলী/চারাগাঁও এলসি স্টেশন | সদর দপ্তর, সিলেট |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| (২০) | জনাব মাশরেকী ইলিয়া কাজান<br>১২-১১-১৯৮৬ | তামাবিল এলসি স্টেশন | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার |
| (২১) | জনাব নজরুল ইসলাম<br>০৫-০১-১৯৮৫ | তামাবিল এলসি স্টেশন | সদর দপ্তর, সিলেট |
| (২২) | জনাব মোঃ ফরহাদ মাহমুদ সোহাগ<br>১৫-১০-১৯৮৭ | তামাবিল এলসি স্টেশন | আবগারী ও ভ্যাট বিভাগ, হবিগঞ্জ |
| (২৩) | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>০২-০১-১৯৬১ | জকিগঞ্জ এলসি স্টেশন | আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ |
| (২৪) | জনাব মোঃ শাহীন হোসেন<br>১-১২-১৯৮৩ | শেওলা এলসি স্টেশন<br>অতিরিক্ত দায়িত্ব: শেওলা শুল্ক গুদাম | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার |
| (২৫) | জনাব মোঃ আরিফুল ইসলাম<br>১৪-১১-১৯৭৯ | শেওলা এলসি স্টেশন | আবগারী ও ভ্যাট বিভাগ, হবিগঞ্জ |
| (২৬) | জনাব নকুল চন্দ্র দাস<br>০৭-০৫-১৯৬৬ | কাস্টমস বিভাগ, অতিরিক্ত দায়িত্ব:<br>তামাবিল এলসি স্টেশন ১৬-১১-২০১৬ | তামাবিল এলসি স্টেশন |
| (২৭) | জনাব লনী চন্দ্র দাস<br>২১-০৬-১৯৬৪ | ভোলাগঞ্জ এলসি স্টেশন | আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ |
| (২৮) | জনাব জুলহাস মিয়া<br>০৮-০৫-১৯৮২ | আবগারী ও ভ্যাট বিভাগ, হবিগঞ্জ | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |

২। এ আদেশের অনুচ্ছেদ ১ এর ক্রমিক ৬ ও ৭ সহ যেকোন আদেশের মাধ্যমে বড়ছড়া, বাগলী, চারাগাঁও এলসি স্টেশনে বদলিকৃত কর্মকর্তাগণকে বড়ছড়া স্থল শুল্ক স্টেশনে কর্মরত রাজস্ব কর্মকর্তা রোস্টার অনুযায়ী দায়িত্ব বণ্টন করবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো, বদলিকৃত কর্মকর্তাগণ আগামী ২৪-০৪-২০১৬ তারিখে নতুন কর্মস্থলে যোগদান করবেন।

তারিখ, ১৮ এপ্রিল ২০১৬

**নং ২য়/ইটি-৭(২)/বদলি/সিঃকমিঃ/২০১১(অংশ-১)/১১৯৪**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত/পদস্থ নিম্নে উল্লিখিত সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | সুজন চন্দ্র উপাধ্যায়<br>১৯-০২-১৯৮৪ | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট | সদসর দপ্তর, সিলেট |
| (২) | জনাব রাজিব আচার্য্য<br>১০-০২-১৯৮৭ | আবগারী ও ভ্যাট বিভাগ, হবিগঞ্জ | শেওলা এলসি স্টেশন, অতিরিক্ত দায়িত্ব : শেওলা শুল্ক গুদাম |

২। এ দপ্তরের সমনথির আদেশ ইস্যু নম্বর ১১৮২, তারিখ ১৭-০৪-২০১৬ আংশিক সংশোধনক্রমে নিম্নরূপ আদেশ জারী করা হলো ঃ

(ক) উক্ত আদেশের ক্রমিক ৭ এ বর্ণিত কর্মকর্তা জনাব জাহাঙ্গীর হোসেন প্রধানীয়া, বর্তমান কর্মস্থল আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট কে বড়ছড়া/বাগলী/চারাগাঁও এলসি স্টেশন এর অনুকূলে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

(খ) ক্রমিক ২ এ বর্ণিত কর্মকর্তা জনাব বিপুল কুমার সরকার, বর্তমান কর্মস্থল সদর দপ্তর, সিলেট কে তামাবিল স্থল শুল্ক স্টেশন, ক্রমিক ১৩ এ বর্ণিত কর্মকর্তা জনাব শিবলী নোমানী খান, বর্তমান কর্মস্থল বৈদেশিক ডাক বিভাগ কে আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট; অতিরিক্ত দায়িত্ব: বিভাগীয় শুল্ক গুদাম, সিলেট এবং ক্রমিক ১৮ এ বর্ণিত কর্মকর্তা জনাব সুকান্ত দাশ, বর্তমান কর্মস্থল আবগারী ও ভ্যাট বিভাগ, সুমানগঞ্জ কে বড়ছড়া/বাগলী/চারাগাঁও এলসি স্টেশন এ বদলি/পদস্থ করা হলো।

(গ) এ ছাড়া উক্ত আদেশের ক্রমিক ১৫ এ বর্ণিত কর্মকর্তা জনাব আব্দুল লতিফ বর্তমান কর্মস্থল আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার কে শেওলা স্থল শুল্ক স্টেশন; অতিরিক্ত দায়িত্ব: এলসিও হিসেবে বদলি/পদস্থ করা হলো এবং উক্ত আদেশের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং বদলিকৃত কর্মকর্তাগণ আগামী ২৪-৪-২০১৬ তারিখে নতুন কর্মস্থলে যোগদান করবেন।

**এ কে এম নুরুজ্জামান**
কমিশনার।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ এপ্রিল ২০১৬

**নং ২-৭(১)/ইটি/সদর/অংশ-২/৯৮/১১১৬**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে ৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো :

| ক্রঃ নং | নাম ও জন্ম তারিখ | পদবী | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | জনাব মোঃ রুহুল আমিন | উপ-কমিশনার (চলতি দায়িত্ব) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, রাজশাহী | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, রাজশাহী অতিরিক্ত দায়িত্ব সদর দপ্তর, রাজশাহী |
| (২) | জনাব তাহমিনা আক্তার পলি | উপ-কমিশনার (চলতি দায়িত্ব) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নাটোর | সদর দপ্তর, রাজশাহী |
| (৩) | জনাব মোঃ ফখরুল আমিন চৌধুরী | সহকারী কমিশনার | সদর দপ্তর, রাজশাহী | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নাটোর |

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো। বদলিকৃত কর্মকর্তাগণ আগামী ১৭-৪-২০১৬ খ্রিঃ তারিখ অপরাহ্ন হতে অব্যাহতিপ্রাপ্ত বলে গণ্য হবেন।

**আব্দুল মান্নান শিকদার**
কমিশনার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
